

জেলার সংবাদ

‘২০৪১ সালের মধ্যে পূর্ণাঙ্গ বন্দরে পরিণত হবে পায়রা বন্দর’



পটুয়াখালী প্রতিনিধি
ডিবিসি নিউজ

বৃহস্পতিবার ২৪শে আগস্ট ২০২৩ ০৬:৩৯:৩৩ অপরাহ্ন



পায়রা বন্দর চেয়ারম্যান রিয়ার এ্যাডমিরাল গোলাম সাদেক বলেছেন, ‘ধীরে ধীরে পায়রা বন্দরের অপারেশন কার্যক্রম বৃদ্ধি পাচ্ছে। আগামী ২০৪১ সালের মধ্যে পূর্ণাঙ্গ বন্দরে পরিণত হবে পায়রা বন্দর।’

বৃহস্পতিবার (২৪ আগস্ট) বেলা সাড়ে ১১ টার দিকে বন্দরের সভাকক্ষে আয়োজিত পটুয়াখালীর পায়রা বন্দর কর্তৃপক্ষ ও অংশীজনদের মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে তিনি এসব কথা বলেন।

বন্দর চেয়ারম্যান বলেন, ‘পায়রা বন্দরের অপারেশন, বন্দর এলাকায় জেটি স্থাপনা নির্মাণ, ব্যবহারের বিষয়ক বিধি বিধান, এজেন্ট অপারেটর তালিকাভুক্তি, শ্রমিক সরবরাহ বিষয়ক বিধি বিধান, বন্দরের সুযোগ সুবিধা ও বাণিজ্যিক কার্যক্রম বৃদ্ধি বিষয়ে আলোচনা করা হয়। এভাবে অংশীজনদের সঙ্গে সভা করা হলে পায়রা বন্দর পূর্ণাঙ্গ সেবা দানের বন্দর হবে।’

পায়রা বন্দরের ট্রাফিক বিভাগের উপ পরিচালক আজিজুর রহমানের সঞ্চালনায় সভায় উপস্থিত ছিলেন পায়রা বন্দরের সদস্য রাজিব ত্রিপুরা, সদস্য ক্যাপটেন জাহিদ হোসেন, পায়রা বন্দরের ডেপুটি কাস্টমস কমিশনার হায়দার আলী। জুমে যুক্ত হয়ে পায়রা বন্দরের সমস্যা ও সম্ভাবনার বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন খুলনা কাস্টমস কর্মকর্তা সফিউজ্জামান, বাংলাদেশ শিপিং এজেন্ট এ্যাসোসিয়েশনের স্টেকহোল্ড সৈয়দ মোহাম্মদ আরিফ।

ডিবিসি/কেএলডি